

২.২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি,
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nanl.gov.bd

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০১২.৩২.০০১.১৯.১

তারিখ: ১৭ পৌষ ১৪২৬

০১ জানুয়ারি ২০২০

বিষয়: অনলাইনে আইএসবিএন সেবার উদ্বোধনী অনুষ্ঠান সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানান যাচ্ছে যে, গত ২৪ ডিসেম্বর ২০১৯ তারিখে অধিদপ্তরে অনলাইনে আইএসবিএন সেবা চালুর উদ্বোধনী অনুষ্ঠান হয়। উদ্বোধনী অনুষ্ঠান সংক্রান্ত সচিত্র সংক্ষিপ্ত প্রতিবেদন এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনানুযায়ী।

১-১-২০২০

মুহাম্মদ মুসলিম উদ্দিন
বিবলিওগ্রাফার

মহাপরিচালক
মহাপরিচালকের দপ্তর
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০১২.৩২.০০১.১৯.১/১(৬)

তারিখ: ১৭ পৌষ ১৪২৬

০১ জানুয়ারি ২০২০

সদয় অবগতি :

- ১) পরিচালক (জাতীয় আরকাইভস), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ২) প্রোগ্রামার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৩) উপপরিচালক (আরকাইভস) চ.দা., আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৪) চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চ.দা.), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৫) সহকারী গ্রন্থাগার পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৬) সহকারী পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

১-১-২০২০

মুহাম্মদ মুসলিম উদ্দিন
বিবলিওগ্রাফার

অনলাইনে ISBN সেবা চালুর উদ্বোধনী অনুষ্ঠানের প্রতিবেদন



অনলাইনে আইএসবিএন সেবার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি।



প্রধান অতিথির নিকট থেকে অনলাইনে রেজিস্ট্রিকৃত বারকোড সংবলিত আইএসবিন সার্টিফিকেট এর প্রথম কপি গ্রহণ করছেন প্রকাশক খান মাহবুবুল আলম।



'মুক্তিযুদ্ধভিত্তিক নথিপত্র প্রদর্শনী' পরিদর্শন করছেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি।



'মুক্তিযুদ্ধভিত্তিক নথিপত্র প্রদর্শনী' পরিদর্শন করছেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি (বাম দিক থেকে ২য়)।

গত ২৪ ডিসেম্বর ২০১৯ তারিখে অধিদপ্তরের জাতীয় আরকাইভস সম্মেলন কক্ষে অনলাইনে আইএসবিএন সেবার শুভ উদ্বোধন করেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি। প্রধান অতিথির বক্তৃতায় তিনি শ্রদ্ধাভরে স্মরণ করেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে যঁা দূরদর্শীতায় আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর প্রতিষ্ঠার জন্য স্বাধীনতার অব্যবহিত পরে ৪ একর এর বেশি জমি বরাদ্দ করা হয়। অনলাইন আইএসবিএন সেবা চালুর মধ্য দিয়ে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর নতুন অধ্যায়ে প্রবেশ করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। স্বাগত বক্তৃতায় আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের পরিচালক জনাব মো: সুজায়েত উল্যা অনলাইন আইএসবিএন এর বিভিন্ন সুবিধাদি তুলে ধরেন। বিশেষ অতিথির বক্তৃতা করেন টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ সাহাব উদ্দিন বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির সভাপতি জনাব ফরিদ আহমেদ। সভাপতির বক্তৃতায় মহাপরিচালক জনাব ফরিদ আহমদ ভূঁইয়া বলেন, আজকের দিনটি অধিদপ্তরের জন্য অত্যন্ত গৌরবময় ও গুরুত্বপূর্ণ দিন। তিনি আইএসবিএন এর মতো আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে সংরক্ষিত তথ্যসামগ্রীকে ডিজিটাইজেশন করার মাধ্যমে পর্যায়ক্রমে সকল সেবাকে অনলাইন করার কথা বলেন।

উল্লেখ্য, লেখক ও প্রকাশকগণ বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারে এসে বইয়ের জন্য আইএসবিএন সংগ্রহ করে থাকেন। এখন থেকে লেখক ও প্রকাশকগণ ঘরে বসে নিজ নিজ প্রকাশনার আইএসবিএন পাবেন। অধিদপ্তরের সেবা সহজিকরণ ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের স্বপ্ন বাস্তবায়নে সৃজনশীল প্রকাশনার ইতিহাসে এটি একটি নতুন মাইলফলক।

উদ্বোধনী অনুষ্ঠান শুরুর আগে মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি মহান বিজয় দিবস ২০১৯ উপলক্ষ্যে জাতীয় আরকাইভস ভবনের নিচতলার লবিতে আয়োজিত ‘মুক্তিযুদ্ধভিত্তিক নথিপত্র প্রদর্শনী’ পরিদর্শন করেন। উদ্বোধনী অনুষ্ঠানের পর তিনি জাতীয় আরকাইভস চত্বরের দক্ষিণ-পূর্ব পাশের প্রবেশদ্বার উন্মুক্ত করতে রাস্তা দখলমুক্ত করার জন্য তাৎক্ষণিক পুলিশ তলব করেন। প্রবেশদ্বার থেকে বের হওয়ার রাস্তা বন্ধ করে অবৈধভাবে স্থাপিত নার্সারি উচ্ছেদের জন্য পুলিশসহ সংশ্লিষ্ট দায়িত্বশীলদের নির্দেশ দেন।